# এক স্বৈরাচারকে সরিয়ে আরেক স্বৈরাচারকে ক্ষমতায় আনব না: নাহিদ ইসলাম




নরসিংদী নির্বাচনী জনসভায় নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

নরসিংদীর পলাশে নির্বাচনী জনসভায় এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, একটি স্বৈরাচারকে সরিয়ে আরেক স্বৈরাচারকে ক্ষমতায় বসানোর কোনো ইচ্ছা তাদের নেই।

বৃহস্পতিবার (২৯ জানুয়ারি) সন্ধ্যায় নরসিংদী–২ আসনের ঘোড়াশালে এনসিপি ও এগারো দলীয় জোটের আয়োজিত সমাবেশে তিনি অভিযোগ করেন, একটি রাজনৈতিক দল জাতির সঙ্গে প্রতারণা করে সংস্কার এড়িয়ে যেতে চায় এবং লুটপাট ও অর্থ পাচারের পরিকল্পনা করছে। তার দাবি, দেশের অর্থনীতি ভেঙে পড়েছে, এই পরিস্থিতি থেকে বের হতে হলে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে।

তিনি বলেন, দুর্বৃত্তায়িত ও চাঁদাবাজির রাজনীতি দেশের সম্ভাবনাকে ক্ষতিগ্রস্ত করছে। বিভিন্ন বিষয়ে বিএনপির সমালোচনা করে তিনি আগামী ১২ ফেব্রুয়ারির নির্বাচনে 'শাপলা কলি' প্রতীক ও 'হ্যাঁ' ভোটের পক্ষে সমর্থন চান।

সমাবেশে এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, নরসিংদী–২ আসনের প্রার্থী সারোয়ার তুষারসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আসিফ মাহমুদ তার বক্তব্যে নরসিংদীসহ সারাদেশে শিল্পোন্নয়ন ও কর্মসংস্থানের ওপর জোর দেন। তিনি বলেন, ব্যালটের মাধ্যমেই পরিবর্তন আনতে হবে এবং ভোটের মাধ্যমে বিরোধীদের প্রত্যাখ্যান করার আহ্বান জানান।

LENS ASIA